

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
২। লিকেজের ছবি।
৩। প্রাক্কলন।

বিষয়: মডস জোন-৫ এর আওতাধীন ডিএমএ-৫০৯ এর তেজগাঁও পানির লাইনের লিকেজ মেরামত করণ কাজ।

১) উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং জনবহুল এলাকায় বিদ্যমান পানি সরবরাহের নেটওয়ার্ক এর মাধ্যমে সম্মানিত গ্রাহক হোল্ডিং এ পানি সরবরাহ করা হয়। মডস জোন-৫ এর আওতাধীন (ডিএমএ-৫০৯) এর তেজগাঁও, হোল্ডিং নং-৩, দীপ্ত টেলিভিশন এর সম্মুখে পানির লাইনের লিকেজ এবং তেজকুণিপাড়া, হোল্ডিং নং-২১৯/৯/৭/এ, এর সম্মুখে পানির লাইনের লিকেজের অভিযোগের ভিত্তিতে মেইনটেনেন্স টিম সহকারে সরেজমিনে পরিদর্শনে গিয়ে দেখা যায় যে, পানির লাইন লিকেজ হয়ে পানি বের হচ্ছে। বর্তমান অবস্থার প্রেক্ষিতে এবং কর্তৃপক্ষের কাজের স্বার্থে ঢাকা ওয়াসার গ্রাহক সেবায় সুষ্ঠুভাবে পানি সরবরাহের জন্য আলোচ্য লিকেজগুলো দ্রুত সম্পন্ন করা প্রয়োজন।

২) সেই লক্ষ্যে মডস জোন-৫ এর আওতাধীন ডিএমএ -৫০৯ এর তেজগাঁও, হোল্ডিং নং-৩, দীপ্ত টেলিভিশন এর সম্মুখে পানির লাইনের লিকেজ এবং তেজকুণিপাড়া, হোল্ডিং নং-২১৯/৯/৭/এ, এর সম্মুখে পানির লাইনের লিকেজ মেরামত করার নিমিত্তে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ৳৪৯,০৫৫.০০ (উনপঞ্চাশ হাজার পঞ্চান্ন) টাকা মাত্র। উক্ত ব্যয় অত্র বিভাগের চলতি ২০০২৫-২০২৬ অর্থ বছরের বাজেটের বার্ষিক ক্রয়-পরিকল্পনার পানির লাইন রক্ষণাবেক্ষণ খাতের সিরিয়াল নং-২৯, প্যাকেজ নং-WRM29 কোড-(01-04-001) হতে নির্বাহ করা যেতে পারে।


৩) এমতাবস্থায়, মডস জোন-৫ এর আওতাধীন ডিএমএ-৫০৯ এর তেজগাঁও পানির লাইনের লিকেজ মেরামত করণ কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদনের লক্ষ্যে নিয়ে বর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন দেয়া যেতে পারে।


(ক) উল্লেখিত কাজটি পিপিআর-২০২৫ এর ৯৯/১(ড) ধারা অনুসরণে ঠিকাদার বিসমিল্লাহ ট্রেডিং ইন্টারন্যাশনাল এর সাথে ভৌত সেবা খাতে সরাসরি চুক্তি সম্পাদনের অনুমোদন;


(খ) উপস্থাপিত মোট ৳৪৯,০৫৫.০০ (উনপঞ্চাশ হাজার পঞ্চান্ন) টাকার প্রাক্কলনটি আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন;

(গ) আলোচ্য কাজের ব্যয় অত্র বিভাগের চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেটের বার্ষিক ক্রয়-পরিকল্পনার পানির লাইন রক্ষণাবেক্ষণ খাতের সিরিয়াল নং-২৯, প্যাকেজ নং-WRM29 কোড-(01-04-001) হতে নির্বাহ করার অনুমোদন;


উপরোক্ত অনুচ্ছেদ নং-৩ এর প্রস্তাবসমূহ সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন, সর্বিনয়ে পেশ করা হল।


মোঃ আব্দুস সালাম
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৫, ঢাকা ওয়াসা


মোহাম্মদ সাইফুর রহমান চৌধুরী
সহকারী প্রকৌশলী
মডস জোন-০৫
ঢাকা ওয়াসা।



11-01-2026
মোহাম্মদ তৌহিদ এলাহী
নির্বাহী প্রকৌশলী (চ: দাঃ)
মডস জোন-৫, ঢাকা ওয়াসা


SE(MODS/Circle-2)


১৪/০১/২৬
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

৪। প্রকৃত অনুমোদন করা হইল,

৬/১/২০২৬-২
EE, MODS 2-6


১৪/০১/২৬
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।


14/1/2026
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।